গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, ঝিনাইদহ।
http://doict.jhenaidah.gov.bd

## জেলা আইসিটি কমিটির এপ্রিল ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | এস.এম রফিকুল ইসলাম<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৫-০৪-২০২৩ খ্রিঃ |
| সভার সময় | ১২.০০ ঘটিকা |
| স্থান | 'বৈঠক' Meeting app |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য |


'বৈঠক' Meeting app এর মাধ্যমে সংযুক্ত জেলা আইসিটি কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ঝিনাইদহ সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে সভার নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১। গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ : সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার কর্তৃক মার্চ ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি অনুমোদিত হলো। | |
| ০২। মাল্টিমিডিয়া ক্লাসরুম: জেলা শিক্ষা অফিসার জানান যে, ঝিনাইদহ জেলায় ৩৯২টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম সক্রিয় রয়েছে। তিনি উল্লেখ করেন যে, মার্চ ২০২৩ মাসে এ যান্ত্রিক ত্রুটির কারনে ক্লাস অনুষ্ঠিত হয়েছে কিন্তু আপলোড দেওয়া সম্ভব হয়নি। বর্তমানে ৪৬৯টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ২৬৪টি স্কুলে ডিজিটাল হাজিরা সিস্টেম চালু আছে। সচল ডিজিটাল হাজিরা মেশিন সংখ্যা ১৪২টি এবং অচল যন্ত্রের সংখ্যা ১২২টি। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) ২৬৪টি স্কুলের ডিজিটাল হাজিরা সিস্টেমের মধ্যে সচল ১৪২টি ও বিকল ১২২টি মেশিনের তালিকা দেখে এবং নস্ট মেশিন মেরামতের জন্য অনুরোধ করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল), ঝিনাইদহ কর্তৃক ৪৭টি স্কুল পরিদর্শন করা হয়। এছাড়া সকল উপজেলা নির্বাহী অফিসার প্রমাপ অনুসারে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের কমপক্ষে প্রতিমাসে ১৫টি স্কুল পরিদর্শন করার জন্য তিনি অনুরোধ জানান। | ১) মাল্টিমিডিয়া ক্লাসরুম সচল আছে কি না তা যাচাই করতে হবে।<br>২) শিক্ষা প্রতিষ্ঠানের ডিজিটাল হাজিরা সিস্টেমের তথ্য প্রদান করতে হবে।<br>৩) শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>৪) ডিজিটাল হাজিরা সিস্টেম নেই এমন শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ডিজিটাল মেশিন চালুর জন্য নোটিশ প্রদান করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ এবং জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ঝিনাইদহ এবং স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান। |
| ০৩। ইন হাউজ প্রশিক্ষণ: জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ জানান যে, এ জেলায় মার্চ ২০২৩ মাসে ১৯টি ইন হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। তিনি উল্লেখ করেন যে, শিক্ষকদের পেশাগত ও দক্ষতা উন্নয়নের বিষয়টি বিবেচনায় রেখে প্রশিক্ষণের বিষয়বস্তু নির্ধারণ করা হয়েছে। | ১) ইন হাউজ প্রশিক্ষণের এ ধারা অব্যাহত রাখতে হবে।<br>২) সকল শিক্ষককে প্রশিক্ষণের আওতায় আনতে হবে। | জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ঝিনাইদহ। |

| | | |
|---|---|---|
| ০৪। শেখ রাসেল ডিজিটাল ল্যাব: সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার বলেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক ঝিনাইদহ জেলায় দুইটি পর্যায়ে ১২৪টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব, ০৪টি স্কুল অফ ফিউচার এবং ০১টি ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে। মার্চ ২০২৩ মাসে জেলা ৬টি উপজেলায় সর্বমোট ১২৮টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ২৪টি ল্যাব পরিদর্শন করা হয়েছে। এছাড়া সভাপতি জানান যে, উপজেলা ভিত্তিক প্রতিটি শেখ রাসেল ডিজিটাল ল্যাবের প্রধান শিক্ষক অনলাইনে জেলা আইসিটি সভায় যুক্ত হয়ে ল্যাবের বর্তমান অবস্থা বর্ণনা করবে। | ১) ল্যাবগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২) সহকারী প্রোগ্রামারগণ কর্তৃক SRDL পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) / উপজেলা নির্বাহী অফিসার (সকল) / প্রোগ্রামার, ঝিনাইদহ/ জেলা শিক্ষা অফিসার / জেলা প্রাথমিক শিক্ষা অফিসার / সহকারী প্রোগ্রামার(সকল) / স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান |
| ০৫। ওয়েব পোর্টাল হালনাগাদকরণ: সভায় জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারী দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি জানান যে, জেলা পর্যায়ের সকল দপ্তরকে ওয়েব পোর্টাল হালনাগাদকরণে প্রোগ্রামার (ভাঃ), ঝিনাইদহকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করার জন্য অনুরোধ জানান। উপজেলা পর্যায়ে সহকারী প্রোগ্রামার উপজেলার সকল সরকারী দপ্তরকে পোর্টাল হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন মর্মে সভায় নির্দেশনা প্রদান করা হয়। | ১) জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারী দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদকরণে সহায়তা করতে হবে। | দপ্তর প্রধান (সকল) / প্রোগ্রামার, ঝিনাইদহ / সহকারী প্রোগ্রামার (সকল), ইউপি সচিব (সকল), ঝিনাইদহ। |
| ০৬। ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি : বর্তমানে এটুআই হতে রিপোর্ট আপলোড বন্ধ থাকলেও, জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসের ই-নথির ব্যবহারের বিষয়ে গুরুত্বারোপ করা হয়েছে। সভাপতি এ কার্যালয়ে ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করার জন্য উপস্থিত সকলকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া ডি-নথির উপর ১৭টি অফিসের ৪০ জন কর্মকর্তা/কর্মচারিকে প্রশিক্ষণ ইতিমধ্যে সমাপ্ত করা হয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) জানান যে, এটুআই এর সাথে আলোচনা করে সকল অফিসের প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ১) ই-নথির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) জেলা পর্যায়ের সকল সরকারি অফিসে ডি-নথি প্রশিক্ষণ প্রদান করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ।<br>সহকারী কমিশনার (আইসিটি), ঝিনাইদহ।<br>প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ। |
| ০৭। "সুরক্ষা" APPs: অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঝিনাইদহ বলেন যে, কোভিড-১৯ টিকার নিবন্ধনের জন্য আইসিটি বিভাগ কর্তৃক তৈরীকৃত "সুরক্ষা" সিস্টেম ব্যবহার করা হচ্ছে। টিকা গ্রহণকারী ব্যক্তিদের প্রমাণক থাকা শর্তে ভুল তথ্য সংশোধন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | টিকা গ্রহণকারী ব্যক্তিদের প্রমাণক জমা প্রদান শর্তে ভুল তথ্য সংশোধন করতে হবে। | প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ। |
| ০৮। জেলা পর্যায়ে ব্যবহৃত গুরুত্বপুর্ণ Apps: জনস্বার্থে তৈরীকৃত সকল ধরণের হটলাইন নম্বর/ Apps ব্যবহার করার বিষয়ে সভায় আলোচনা হয়। সরকারি তথ্য ও সেবার জন্য "৩৩৩", সকল জরুরি সেবার জন্য "৯৯৯", নারী শিশু নির্যাতন প্রতিরোধে "১০৯", দুদক-এ অভিযোগ জানাতে "১০৬", ভূমি সেবা পেতে ও অভিযোগ জানাতে "১৬১২২", শিশু সহায়তার জন্য "১০৯৮" এবং দূর্যোগের আগাম বার্তা জানতে "১০৯০" হটলাইন ব্যবহার করা যেতে পারে। | ১) সকল হট লাইন নম্বর ব্যবহার করার জন্য উদ্বুদ্ধ করতে হবে।<br>২) সকল জরুরি সেবার লিফটলেট তৈরি করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) / স্ব-স্ব দপ্তর / সংস্থা প্রধান / প্রোগ্রামার,ঝিনাইদহ / সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ। |
| ০৯। আইসিটি অবকাঠামোগত কার্যক্রমঃ<br>ঝিনাইদহ জেলাতে ইনফো-সরকার ২ প্রকল্পের আওতায় ২৩৪ টি সরকারি দপ্তরে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়। ইনফো-সরকার ৩ প্রকল্পের মাধ্যমে ৫০টি ইউনিয়ন পরিষদে (সদর ব্যতীত) ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়। বিটিসিএল কর্তৃক ঝিনাইদহ সদর উপজেলার ১৭টি ইউনিয়ন পরিষদে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। | ১) ইন্টারনেট সংযোগ সচল রাখতে হবে।<br>২) ইন্টানেট সংযোগ সংক্রান্ত অভিযোগ পেলে দ্রুত সমাধানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩) ইন্টানেটের গতি নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), ঝিনাইদহ/ প্রোগ্রামার, ঝিনাইদহ / সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ / সহকারী নেটওয়ার্ক ইঞ্জিঃ(সকল), ঝিনাইদহ/ ফাইবার@হোম লিমিটেড, বিটিসিএল, ঝিনাইদহ। |

| | | |
|---|---|---|
| ১০। ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন/দর্শন: সভাপতি বলেন যে, ইউনিয়ন ডিজিটাল সেন্টারে আইসিটি কার্যক্রমের মান বৃদ্ধি করতে হবে। তিনি আরও বলেন যে, ইউনিয়ন পরিষদ কি কি সেবা দেয় তার তালিকা এবং মূল্য নির্ধারণ করা থাকতে হবে। তিনি ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শনের সময় এসকল তালিকা দেখার নির্দেশনা প্রদান করেন। ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সংগঠন থেকে সভাপতি ও সাধারণ সম্পাদককে জেলা আইসিটি কমিটির সভায় উপস্থিত থাকা ও যদি কোন ডিজিটাল সেন্টারে উদ্যোক্তা না থাকে তবে তা দ্রুততার সাথে পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। | ১) UDC-তে সেবার মান বৃদ্ধি করতে হবে।<br>২) সেবার তালিকা দৃশমান স্থানে প্রদর্শন করতে হবে।<br>৩) জেলার সকল UDC-তে সেবার মূল্য তালিকা প্রস্তুত করে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।<br>৩) উপজেলা নির্বাহী অফিসার নিয়মিত পরিদর্শন/দর্শন করতে হবে। | উপপরিচালক, স্থানীয় সরকার, অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) / উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার (সকল) / উদ্যোক্তা (সকল), ঝিনাইদহ। |
| ১১। উদ্যোক্তাদের আয় ব্যয় সংক্রান্ত: সভাপতি জানান যে, ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত আয় ব্যয় সংক্রান্ত তথ্য 'একসেবা'য় আপলোড করছেন না। ফলে তাদের আয় ব্যয়ের সঠিক হিসাব এবং উদ্যোক্তাগণের সঠিক সংখ্যা পাওয়া যাচ্ছে না। ইউডিসিতে কোন সমস্যা থাকলে তা সমাধানের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন এবং ইউপি চেয়ারম্যান এবং ইউডিসি উদ্যোক্তাকে সমন্বিতভাবে কাজ করার জন্য অনুরোধ জানান। | ১) নিয়মিত তথ্য আপলোড করতে হবে<br>২) উপজেলা নির্বাহী অফিসারগণের মাধ্যমে জেলার সকল উদ্যোক্তাদের তালিকাভূক্তকরণ এবং আয়ের হিসাব "এক সেবা" কার্যক্রমে আপলোড করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) / প্রোগ্রামার (ভাঃ)/ উদ্যোক্তা (সকল), ঝিনাইদহ। |
| ১২। সিটিজেন চার্টার এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত: সভাপতি মহোদয় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত নির্ধারিত কলামে সকল দপ্তরকে সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে। ওয়েব পোর্টালে দপ্তরসমূহের সিটিজেন চার্টার হালনাগাদ করে আপলোড করতে হবে। তথ্য প্রদানকারী কর্মকর্তা, অনিক ও আপিল কর্মকর্তা হালনাদসহ সকল অফিসের কর্মকর্তা এবং কর্মচারী তথ্য হালনাগাদ করতে হবে। আছে কি না তা যাচাই পূর্বক প্রতিবেদন প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। সিটিজেন চার্টার হালনাগাদকরণ এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়টি পরবর্তী ডিডিসি মিটিং এ উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) সিটিজেন চার্টার ওয়েব পোর্টালে আছে কি না যাচাই করতে হবে।<br>২) পরবর্তী জেলা উন্নয়ন সমন্বয় সভায় এ বিষয়টি উপস্থাপন করতে হবে। | প্রোগ্রামার (ভাঃ), ঝিনাইদহ। |
| ১৩। জন সাধারণের মধ্যে নিরাপদ ইন্টারনেট এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করণ:<br>অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান যে, জেলা এবং উপজেলা পর্যায়ে জন সাধারণের মধ্যে নিরাপদ ইন্টারনেট এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করতে হবে। | জন সাধারণের মধ্যে নিরাপদ ইন্টারনেট এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করণ | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ।<br>সহকারী কমিশনার (আইসিটি), ঝিনাইদহ।<br>প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার (সকল), ঝিনাইদহ। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



০২-০৫-২০২৩
এস.এম রফিকুল ইসলাম
জেলা প্রশাসক

তারিখ: ১৯ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
০২ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৪৪০০.০০০.০৬.০০১.২১.২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঝিনাইদহ-১,২,৩ ও ৪ আসন ও উপদেষ্টা, জেলা আইসিটি কমিটি, ঝিনাইদহ;
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা;
৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা;
৪। পুলিশ সুপার, ঝিনাইদহ;
৫। উপ পরিচালক, স্থানীয় সরকার, ঝিনাইদহ;
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঝিনাইদহ;
৭। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝিনাইদহ সদর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় , ঝিনাইদহ সদর;
৮। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শৈলকুপা, ঝিনাইদহ;
৯। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিণাকুন্ডু, ঝিনাইদহ;
১০। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোটচাঁদপুর, ঝিনাইদহ;
১১। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিগঞ্জ, ঝিনাইদহ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিগঞ্জ, ঝিনাইদহ;
১২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মহেশপুর, ঝিনাইদহ;
১৩। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, ঝিনাইদহ;
১৪। সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ;
১৫। সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শৈলকুপা, ঝিনাইদহ;
১৬। সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, হরিণাকুন্ড, ঝিনাইদহ;
১৭। সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মহেশপুর, ঝিনাইদহ ;
১৮। সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কোটচাঁদপুর, ঝিনাইদহ ;
১৯। একাডেমিকক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, হরিনাকুন্ডু, ঝিনাইদহ;
২০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কোটচাঁদপুর, ঝিনাইদহ;
২১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ঝিনাইদহ সদর;
২২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মহেশপুর, ঝিনাইদহ;
২৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শৈলকুপা, ঝিনাইদহ;
২৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, কালীগঞ্জ, ঝিনাইদহ;
২৫। অধ্যক্ষ,, ..........................................., ঝিনাইদহ;
২৬। জেলা, .........................................., কর্মকর্তা, ঝিনাইদহ। এবং
২৭। জনাব, ................................... , ঝিনাইদহ।।

০৩-০৫-২০২৩
মোঃ রিপন হোসেন
সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ictmeeting25423_2023-04-25-14-22